



ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১
DHAKA PALLI BIDYUT SAMITI-1

সদর দপ্তর
পলাশবাড়ী, সাভার, ঢাকা।
টেলিফোন: ৭৭৮৮৬৫১
E-Mail: dhakapbs01@gmail.com

ISO 9001:2015 Certified

স্মারক নং- ২৭.১২.২৬৭২.৫০১.০২.০০৮.২০. ২৭৬

তারিখঃ-১২-০১-২০২০খ্রিঃ।

আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নবর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে লোকবল নিয়োগের নিমিত্তে পবিস সার্ভিস কোর্ড এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত আগ্রহী প্রার্থীগণের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সাদা কাগজে স্বহস্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রঃনং | পদের নাম |
|--------|-------------------|
| ০১ | বিলিং সুপারভাইজার |

প্রার্থীর যোগ্যতাঃ

- প্রার্থীকে বিলিং সহকারী পদে নিয়মিতভাবে ০৭ বছর চাকুরী করার অভিজ্ঞতা থাকতে হবে।
- সর্বশেষ ০৩(তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের ন্যূনতম গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।
- পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত সকল প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।
- প্রার্থীকে বিলিং কম্পিউটার, সার্ভার এবং অন্যান্য অফিস যন্ত্রপাতি পরিচালনায় পারদর্শী হতে হবে।
- কম্পিউটারে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০(দশ) টি শব্দ ও ইংরেজীতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ তৈরীতে সক্ষম হতে হবে।
- পবিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা অর্জন ও সকল শর্তাদি প্রতিপালন করতে হবে।

শর্তাবলীঃ

- আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিত করনের তারিখ (ড) একই পদে অন্য কোন পবিস-এ পরীক্ষায় অংশ গ্রহণ করে থাকলে পবিসের নাম ও তারিখ উল্লেখ পূর্বক স্বহস্তে লিখিত আবেদন পত্র সহ আগামী ২০-০১-২০২০ খ্রিঃ তারিখ সোমবার সকাল ১১:০০ ঘটিকায় ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, পলাশবাড়ী, নবীনগর, ঢাকায় স্বশরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

২। আবেদন পত্রের সহিত নিম্নে বর্ণিত কাগজ পত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবেঃ

- বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরন পত্রের সত্যায়িত ফটোকপি।
- পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষনে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের সত্যায়িত ফটোকপি।
- বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি।
- শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
- ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।
- জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
- সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি রজিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- আবেদনকারীকে পদোন্নতির জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, বিনা আপত্তির সনদ পত্র এবং বিগত ০৫(পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে) উল্লেখ পূর্বক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

- বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

চলমান পাতা-২


পাতা-২

৩। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ

- (ক) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(খ) সর্বশেষ ০১ (এক) বছর কোরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;


৪। পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবেঃ

- (ক) নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট পদের “পদ বিবরণী” তে উল্লেখিত সকল শর্তাদি পূরণ করতে হবে।
(খ) পদোন্নতির বিষয়ে নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ -এ উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।
(গ) পবিস কর্মচারী চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত-২০১২) এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।
- ৫। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১(এক) বৎসরের জন্য “চলতি দায়িত্বে” নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বে মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে প্রত্যাবর্তন করা হবে।
- ৬। পবিস নির্দেশিকা ও সর্বশেষ সাকুলার অনুযায়ী মূল বেতন সংরক্ষণ করা হবে।
- ৭। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র সমিতির ভৌগোলিক এলাকার (অর্থাৎ ঢাকা জেলার সাভার উপজেলার ধামসোনা, আশুলিয়া, বিরুলিয়া, শিমুলিয়া ও পাখালিয়া ইউনিয়ন, গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলা ও সদর উপজেলার কাশিমপুর ইউনিয়ন) স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।
- ৮। পবিস চাকুরী বিধির ধারা ৭ মোতাবেক চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক হতে হবে।
- ৯। ইতিপূর্বে অন্য কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।
- ১০। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে “পবিস চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২)” এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ প্রতিপালন করা হবে।
- ১১। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীর স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নাই। তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১২। নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টি এ/ডি এ প্রদান করা হবে না।
- ১৩। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(মোঃ আজহার আলী)
সিনিয়র জেনারেল ম্যানেজার।

অনুলিপিঃ (বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
০৫। নির্বাহী প্রকৌশলী (ঢাকা উত্তর), বাপবিবোর্ড, ঢাকা।
০৬। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবোর্ড, ঢাকা।
০৭। ডিজিএম (সদর দপ্তর-কারিগরি)/শ্রীপুর/আশুলিয়া/জামগড়া/কালিয়াকৈর/চন্দ্রা/মৌচাক জোনাল অফিস, ঢাকা পবিস-১।
০৮। এজিএম(প্রশাসন/এমএস/ওএন্ডএম/অর্থ-হিসাব/রাজস্ব/ইএন্ডসি/পিএন্ডএম), ঢাকা পবিস-১।
০৯। জুনিয়র ইঞ্জিনিয়ার/সহঃ জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), ঢাকা পবিস-১ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
১০। নোটিশ বোর্ড, ঢাকা পবিস-১।
১১। অফিস কপি/মাষ্টার কপি।


(মোঃ আজহার আলী)
সিনিয়র জেনারেল ম্যানেজার।